**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 21-02-2026** **Time: 7.50 PM**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) সুপ্রিম কোর্টের নির্দেশ মত SIR-এর কাজে সহযোগিতা করার জন্য জেলা দায়রা আদালতের প্রায় ১৫০ জন বিচারককে নিয়োগ করা হবে। আগামী ৯ ই মার্চ পর্যন্ত সমস্ত জুডিশিয়াল অফিসারের ছুটি বাতিলের নির্দেশ হাইকোর্টের।

২) আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে প্রথম দফায় রাজ্যে ৪৮০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

৪) দক্ষিণ ২৪ পরগণার নাজিরাবাদে অগ্নিকান্ডে শনাক্ত হওয়া ১৮ জনের দেহাংশ তাঁদের আত্মীয়দের হাতে তুলে দেওয়ার কাজ শুরু হয়েছে।

৫) আজ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। যথাযথ মর্যাদায় রাজ্যে সর্বত্র দিনটি উদযাপন করা হচ্ছে।

৬) সোমবার থেকে সারা রাজ্যেই মেঘলা আকাশ এবং বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

৭) আইএসএল ফুটবল প্রতিযোগিতায় ইস্টবেঙ্গল স্পোর্টিং ক্লাব দিল্লীকে হারিয়ে দিয়েছে।

---

সুপ্রিমকোর্টের নির্দেশ মত SIR-এর কাজে সহযোগিতা করার জন্য জেলার দায়রা আদালতের বিচারকদের নিয়োগ করা হবে। প্রায় ১৫০ জন সেশন বিচারক SIR শুনানির কাজে যুক্ত থাকবেন বলে কমিশন সূত্রে জানানো হয়েছে। কলকাতা হাইকোর্ট থেকে অবসর নেওয়া সাত জন প্রাক্তন বিচারপতির নামও চিহ্নিত করা হয়েছে। সুপ্রিম কোর্টের গাইডলাইন অনুযায়ীই গোটা প্রক্রিয়া এগোবে। সেশন জজরাও সংশ্লিষ্ট কমিটিতে থাকবেন। SIR প্রক্রিয়ায় জুডিশিয়াল অফিসার নিয়োগের বিষয়ে শীর্ষ আদালতের নির্দেশের প্রেক্ষিতে আজ হাইকোর্টের প্রধান বিচারপতি, রাজ্যের মুখ্যসচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্যের অ্যাডভোকেট জেনারেল এবং অ্যাডিশনাল সলিসিটর জেনারেল বৈঠকে বসেন। কাজের অগ্রগতি পর্যালোচনা করতে প্রয়োজনে আবার বৈঠক হতে পারে বলেও ইঙ্গিত মিলেছে।

বৈঠকের পর মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানান, জেলাভিত্তিক ও বিধানসভা ভিত্তিক সমস্ত তথ্য কমিশনের তরফে সরবরাহ করা হবে।

বাইট

কোনও যোগ্য ভোটার যেন বাদ না যায়, সেটাই কমিশনের মূল লক্ষ্য বলে শ্রী আগরওয়াল ফের স্পষ্ট জানিয়েছেন। অন্যদিকে নির্ধারিত সময়সীমা মেনে, আজ রাত ১২টা পর্যন্ত তথ্য যাচাই এবং নিষ্পত্তির প্রক্রিয়া চলবে বলেও জানিয়েছেন তিনি।

কোর্টের নির্দেশ অনুযায়ী বিচারবিভাগীয় আধিকারিকদের মাধ্যমেই চূড়ান্ত নিষ্পত্তির প্রক্রিয়া সম্পন্ন হবে। শুনানি বিধানসভাভিত্তিক হলে সুবিধা হবে বলে কমিশনের তরফে মত দেওয়া হয়েছে, যদিও চূড়ান্ত সিদ্ধান্ত নেবে আদালত।

কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস ও অরিন্দম নিয়োগী, নির্বাচন কমিশনের ডিরেক্টর জেনারেল (ল’), মুখ্যসচিব নন্দিনী

চক্রবর্তী, রাজ্য পুলিশের ভারপ্রাপ্ত মহানির্দেশক পীযূষ পান্ডে , কলকাতা পুলিশের কমিশনার সুপ্রতিম সরকার, হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেল এবং অতিরিক্ত সলিসিটর জেনারেল প্রমুখ আজকের বৈঠকে উপস্থিত ছিলেন।

-------------------

সুপ্রিমকোর্টের নির্দেশ মত SIR-এর কাজে সহযোগিতা করার জন্য আগামী ৯ মার্চ পর্যন্ত রাজ্যের সমস্ত জুডিশিয়াল অফিসারের ছুটি বাতিল করার নির্দেশ জারী করেছেন কলকাতা হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেল। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে অত্যন্ত জরুরি চিকিৎসা সংক্রান্ত প্রয়োজন ছাড়া কেউ আপাতত ছুটি নিতে পারবেন না।

------------------

বিচারবিভাগ SIR এর কাজে হস্তক্ষেপ করায় বিবাদ রয়েছে এমন কেসগুলি সহজেই নিষ্পত্তি করা যাবে বলে জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

বাইট

রাজ্য সরকারের অসহযোগিতার কারনেই আদালতকে রাজ্যের SIR পরিচালনায় পদক্ষেপ কোর্টে হয়েছে বলে CPIM নেতা সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন।

বাইট

------------------

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে প্রথম দফায় রাজ্যে ৪৮০ কোম্পানি কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী (সিএপিএফ) মোতায়েনের সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। রাজ্যের মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব এবং রাজ্য পুলিশের ডিজিপিকে পাঠানো এক চিঠিতে স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে, প্রথম দফায় ৪৮০ কোম্পানি বাহিনী মোতায়েন করা

হবে। এর মধ্যে পয়লা মার্চের মধ্যে ২৪০ কোম্পানি এবং ১০ই মার্চের মধ্যে বাকি ২৪০ কোম্পানি বাহিনী রাজ্যে পৌঁছবে ।

পয়লা মার্চের মধ্যে যে বাহিনী মোতায়েন হবে তার মধ্যে রয়েছে—১১০ কোম্পানি সিআরপিএফ, ৫৫ কোম্পানি বিএসএফ, ২১ কোম্পানি সিআইএসএফ, ২৭ কোম্পানি আইটিবিপি এবং ২৭ কোম্পানি এসএসবি।

-----------------

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন ও সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করতে আগামী সোমবার মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে এক উচ্চ পর্যায়ের বৈঠক ডাকা হয়েছে। বৈঠকে উপস্থিত থাকবেন বিশেষ পর্যবেক্ষক এন কে মিশ্র, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল সহ দপ্তরের উচ্চ পদস্থ আধিকারিকরা। রাজ্য পুলিশের ডিজি, কলকাতা পুলিশ কমিশনার, রাজ্য পুলিশ নোডাল অফিসার, কেন্দ্রীয় বাহিনী নোডাল অফিসারও বৈঠকে যোগ দেবেন বলে খবর।

-----------------

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার রাজ্যে কেন্দ্রীয় বাহিনী পাঠানোর সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, নির্বাচন কমিশনের এটি অত্যন্ত সময়োপযোগী পদক্ষেপ।

বাইট

-----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

------------------

দক্ষিণ ২৪ পরগণার নাজিরাবাদে গুদামে অগ্নিকাণ্ডের ২৬ দিনের মাথায় নিহতদের মধ্যে শনাক্ত হওয়া ১৮ জনের দেহাংশ, কাটাপুকুর মর্গ থেকে নিহতদের পরিবারে হাতে তুলে দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, যে সব দেহাংশ চিহ্নিত করা সম্ভব হয়েছে তাদের মধ্যে পূর্ব মেদিনীপুরের ১৬ জন ,দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরের ১জন, পশ্চিম মেদিনীপুরের ১জন আছেন। চিহ্নিত এই কজন পরিবারকে আজ সকাল 11 টায় নাগাদ কাটাপুকুর মর্গে উপস্থিত থাকতে বলা হয়। এ নিয়ে সংশ্লিষ্ট জেলাগুলির প্রশাসনকেও ইতিমধ্যে জানিয়ে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, গত 26 শে জানুয়ারি সাধারণতন্ত্র দিবসের রাতে বিধ্বংসী অগ্নিকাণ্ডে পুড়ে ছাই হয়ে যায় নরেন্দ্রপুরের নাজিরাবাদ এলাকার দুটি গুদাম। এর মধ্যে একটি বহুজাতিক মোমো তৈরীর কারখানা, আরেকটি ডেকোরেটাসের গুদাম। আগুন লাগার সময় গুদামে কাজ করছিলেন বহু শ্রমিক। তাদের মধ্যে অধিকাংশ পূর্ব মেদিনীপুরের বাসিন্দা।

সেই ঘটনায় ২৭ জনের পরিবারের তরফে নিখোঁজ ডায়েরি করা হয় নরেন্দ্রপুর থানায়। প্রায় ছাই হয়ে যাওয়া দেহগুলি শনাক্তকরণের জন্য ডিএনএ ম্যাপিং এর প্রয়োজন পড়ায়নিহতদের নিকট আত্মীয়দের রক্তের নমুনা সংগ্রহ করা হয়।

-----------------

আজ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদার সঙ্গে রাজ্য জুড়ে পালিত হচ্ছে।

একটি প্রতিবেদন--

অনুষ্ঠান মঞ্চ থেকেই আজ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিভিন্ন ক্ষেত্রে কৃতিদের রাজ্যের সর্বোচ্চ সম্মান বঙ্গবিভূষণ ও বঙ্গভূষণ প্রদান করেন।চিত্রশিল্পী গনেশ হালুই, রাজ্যসভার সাংসদ অনন্ত মহারাজ, কবি শ্রীজাত সঙ্গীত শিল্পী শ্রী রাধা বন্দোপাধ্যায় সহ মোট ৯ জন এবার বঙ্গবিভূষণ সম্মান পেয়েছেন এছাড়া নাজমুল হক ,মনোময় ভট্টাচার্য,রাঘব চট্টোপাধ্যায়, রূপঙ্কর বাগচী সহ ১৬ জন এবার বঙ্গভূষণে সম্মানিত হয়েছেন।

-----------------

রাজ্যে আগামীকাল পর্যন্ত শুষ্ক আবহাওয়া থাকলেও বাতাসের গতি প্রকৃতি বদলানো এবং পশ্চিমী ঝঞ্ঝার কারণে সোমবার থেকে সারা রাজ্যেই মেঘলা আকাশ এবং বিক্ষিপ্ত ভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামীকাল পর্যন্ত তাপমাত্রা আরও দুই ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য জানিয়েছেন।

বাইট

সোমবার বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে দক্ষিণবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, ঝাড়গ্রাম ও দক্ষিণ ২৪ পরগনা জেলায়। মঙ্গলবার বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে কলকাতা , উত্তর ও দক্ষিণ 24 পরগনা, হাওড়া ও হুগলি এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলাতে। উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি ও কোচবিহার জেলাতেও বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

-----------------

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল ৪-১ গোলে স্পোর্টিং ক্লাব দিল্লিকে হারিয়ে দিয়েছে। বিরতিতে বিজয়ী দল ৩-১ গোলে এগিয়ে ছিল। পর পর দুটি ম্যাচে জয় পেল ইস্টবেঙ্গল।

----------------- -----------------